৩১/৮/২০০৭

ভোরের কাগজ

তারিখ ............
পৃষ্ঠা ...২... কলাম ...৮...

# তত্ত্বাবধায়ক আমলে আর খুলছে না চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়?

চ.বি. সংবাদদাতা : বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের শাসনামলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে না। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রেরিত সংবাদ বিজ্ঞপ্তিতে সে রকম আভাসই মিলেছে। এদিকে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সদস্যরা গতকাল বৈঠক থেকে ওয়াকআউট করে নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করেছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, এ মুহূর্তে নির্বাচনের জন্য সরকারি প্রশাসন ব্যস্ত রয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের শান্তিশৃঙ্খলা পরিস্থিতি রক্ষা করার ব্যাপারে তাদের কাছ থেকে পূর্ণ সহযোগিতা পাওয়া সম্ভব নয়। তাই আগামীকাল শনিবার থেকে বিশ্ববিদ্যালয়ের ক্লাস খোলা সম্ভব হবে না।

প্রসঙ্গত, গত ২০ আগস্ট সিন্ডিকেট বৈঠকে উপাচার্য ও উপ-উপাচার্য আগামীকাল শনিবার বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার ঘোষণা দেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য গতকাল সিন্ডিকেট বৈঠক বসে। বৈঠকের শুরুতে বিশ্ববিদ্যালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা সিন্ডিকেট বৈঠক ঘেরাও করে। এডহকভিত্তিক নিয়োগপ্রাপ্ত ১১২ জন কর্মচারী, যাদের নিয়োগ গত সোমবার অনুষ্ঠিত সিন্ডিকেট বৈঠকে বাতিল করা হয়েছে তাদের পুনর্বহালের দাবিতে তারা সিন্ডিকেট সদস্যদের অশালীন ভাষায় গালাগালি করে। এতে সিন্ডিকেট সদস্যরা ক্ষুব্ধ হয়ে উপাচার্যকে এর বিচারের দাবি জানান এবং বৈঠক থেকে বেরিয়ে যান।

একজন সিন্ডিকেট সদস্য এ প্রতিবেদককে বলেন, 'উচ্ছৃঙ্খল কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা না নিলে তারা বর্তমান উপাচার্যের অধীনে কোনো সিন্ডিকেট বৈঠকে যোগ দেবেন না।'